# চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ৮১তম জন্মদিন উপলক্ষে দেশব্যাপী কর্মসূচি দিয়েছে বিএনপি



বেগম খালেদা জিয়া: সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ৮১তম জন্মদিন উপলক্ষে আগামী শুক্রবার (১৫ আগস্ট) দেশব্যাপী বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে দলটি।

বুধবার (১৩ আগস্ট) রাজধানীর গুলশানে দলীয় চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এই কর্মসূচির ঘোষণা দেন।

জন্মদিনের কর্মসূচি হিসেবে বেগম জিয়ার সুস্বাস্থ্য কামনায় দেশের বিভিন্ন জেলা ও উপজেলা পর্যায়ে দলীয় কার্যালয় এবং মসজিদে দোয়া মাহফিল আয়োজন করার জন্য নির্দেশনা দিয়েছে দলটি।

তবে, এই কর্মসূচিতে নেতাকর্মীদের কেক কাটা ও আনন্দ উদযাপন করতে নিষেধ করা হয়েছে।

LENS ASIA